# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩২৩

১/ বিবিধ

আরবী

ما علم الله من عبد ندامة على ذنب إلا غفر له قبل أن يستغفر
موضوع

أخرجه الحاكم (4 / 253) من طريق هشام بن زياد عن أبي الزناد عن القاسم بن محمد عن عائشة مرفوعا، وقال: صحيح الإسناد، ورده الذهبي في " تلخيصه " بقوله: قلت: بل هشام متروك، وقال ابن حبان (3 / 88) : يروي الموضوعات عن الثقات والمقلوبات عن الأثبات، حتى يسبق إلى قلب المستمع أنه كان المتعمد لها لا يجوز الاحتجاج به.
وله طريق أخرى بلفظ: (ما أذنب عبد ...)
قلت: وهو موضوع أيضا، وسيأتي برقم (777) ، والأول من موضوعات " الجامع

বাংলা

৩২৩। যখনই আল্লাহ জানতে পারেন যে, কোন বান্দা তার গুনাহের কারণে অনুতপ্ত হয়েছে, তখনই সে ক্ষমা প্রার্থনা করার পূর্বেই তিনি ক্ষমা করে দেন।

হাদীসটি জাল।

এটি হাকিম (৪/২৫৩) হিশাম ইবনু যিয়াদ সূত্রে আবূয যিনাদ হতে ... বর্ণনা করে বলেছেনঃ এটির সনদ সহীহ। যাহাবী “আত-তালখীস” গ্রন্থে তার প্রতিবাদ করে বলেছেনঃ হিশাম মাতরূক। ইবনু হিব্বান (৩/৮৮) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল ও উলট পালটকৃত হাদীস বর্ণনাকারী। এমন কি শ্রবণকারীর নিকট এটিই প্রাধান্য পেত যে, তিনি তা ইচ্ছাকৃতই করছেন। তার দ্বারা দলীল গ্রহণ করাই জায়েয নয়। এটির আরেকটি সূত্র আছে

অন্য ভাষায়। সেটিও জাল। সেটি সম্পর্কে ৭৭৭ নম্বর হাদীসে আলোচনা আসবে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5582

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন